

## মতবিনিময় সভা

"নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্থ নিম্নআয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম ২০২০" এর অগ্রগতি প্রসঙ্গে ০৪.০২.২০২১ তারিখ মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটিতে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এমআরএ-এর সম্মানিত এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ্। সভায় বাংলাদেশ ব্যাংক ও মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটির উর্ধ্বতন কর্মকর্তা ছাড়াও উপস্থিত ছিলেন অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ এনামুল হক। সভায় আরও উপস্থিত ছিলেন পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), সোনালী ব্যাংক, বেসিক ব্যাংক, ব্র্যাক ব্যাংক, এনআরবিসি ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক, ইস্টার্ন ব্যাংক এবং মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি'র সনদ প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

